



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ২৭ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ডে

সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী নাগরিক সমাবেশে সিটি মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেছেন, সকল রাজনৈতিক দল, নানা শ্রেণী ও পেশার নাগরিকদের সহযোগিতায় ৪১ টি ওয়ার্ডকে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক মুক্ত করা হবে। এ লক্ষ্যে যে কোন ঝুঁকি কাঁধে নিয়ে প্রতিটি ওয়ার্ডে জনমত গঠন ও অভিযান পরিচালিত হবে। পুলিশ জনতার ঐক্যবদ্ধ ও আন্তরিক প্রয়াসের নিকট সন্ত্রাস জঙ্গীবাদ ও মাদক ব্যবহারকারীরা পরাজয় স্বীকার করতে বাধ্য হবে। তিনি সন্ত্রাস, জঙ্গীবাদে জড়িতদের সহ মাদকসেবী ও বিক্রেতাদের সামাজিকভাবে বয়কট করে তাদেরকে এ ধরনের অপতৎপরতা থেকে নিভৃত করতে সকলের সহযোগিতা কামনা করেন। সে লক্ষ্যে নগরীর প্রতিটি ওয়ার্ডে সকল রাজনৈতিক দল, সামাজিক ও পেশাজীবী সংগঠনের প্রতিনিধিদের সমন্বয়ে কমিটি গঠনের ঘোষণা দেন মেয়র। জনাব আ জ ম নাছির উদ্দীন সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদকমুক্ত নগরী গড়ার লক্ষ্যে গনমাধ্যমের আন্তরিক সহযোগিতা কামনা করেন। ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. সকালে নগরীর ১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড কার্যালয়ে সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র এসব সিদ্ধান্তের কথা বলেন। সমাবেশে সভাপতিত্ব করেন ১৯ নং দক্ষিণ বাকলিয়া ওয়ার্ড কাউন্সিলর ইয়াছিন চৌধুরী আশু। এতে বিশেষ অতিথি ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ্আইন শৃংখলা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি কাউন্সিলর এইচ এম সোহেল, ১৭ নং ওয়ার্ড কাউন্সিলর এ কে এম জাফরুল ইসলাম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস ফারজানা পারভীন, স্পেশাল ম্যাজিস্ট্রেট যুগ্ম জেলা জজ মিসেস জাহানারা ফেরদৌস, মহেশখালী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রদীপ চন্দ্র দাশ, বাকলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা প্রণব চৌধুরী। সন্ত্রাস, জঙ্গীবাদ ও মাদক বিরোধী সমাবেশে মতামত ব্যক্ত করেন স্থানীয় আওয়ামীলীগের সিদ্দিক আলম, নুরুল আজিম নুরু, লুৎফুর রহমান ফারুক, ফয়েজুল্লাহ বাহাদুর, গোলাম রব্বানী মনি, স্থানীয় সমাজ সেবক মো. হারুন, এইচ এম সেলিম, সহিদুল আজম বাবুল, কামাল উদ্দিন বাদল সহ নানা শ্রেণী ও পেশার প্রতিনিধিবৃন্দ।

চট্টগ্রাম- ২৭ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

**সিটি মেয়রের সাথে প্রিমিয়ার ব্যাংকের কর্মকর্তাদের মতবিনিময়ে চমিক
পরিচালিত ৪৭ টি শিক্ষা প্রতিষ্ঠানে সবুজায়নের সিদ্ধান্ত**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন এর সাথে তাঁর দপ্তরে আজ ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. মঙ্গলবার, দুপুরে প্রিমিয়ার ব্যাংকের কর্মকর্তাবৃন্দ মতবিনিময় করেন। মতবিনিময়ে তারা মেয়রের সবুজায়ন কর্মসূচীর সাথে একাত্মতা প্রকাশ করে চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত ৪৭ টি মাধ্যমিক বিদ্যালয়ের প্রাপ্তন সবুজায়ন এবং শিক্ষার্থীদের অভিভাবকদের নিকট সবুজায়ন কর্মসূচির অধীনে ফলজ, বনজ ও ঔষধী গাছের চারা বিতরণ এবং শিক্ষার্থীদের মধ্যে কুইজ, বিতর্ক, গান ও আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন এবং স্কুল ব্যাংকিং সংক্রান্ত বিষয়ে প্রচারনা চালাবেন। তারা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের মধ্যে শিক্ষা সামগ্রী বিতরণ করবেন বলে অভিমত ব্যক্ত করেন। মেয়র আ জ ম নাছির উদ্দীন প্রিমিয়ার ব্যাংকের এ কর্মসূচীকে স্বাগত জানিয়ে বলেন, চট্টগ্রামে বসবাসরত সকল নাগরিক সবুজ নগরী গড়ার আন্দোলনে এগিয়ে আসলে নগরী সহজেই সবুজায়ন হবে। তিনি প্রিমিয়ার ব্যাংককে সব ধরনের সহযোগিতার আশ্বাস দেন। প্রিমিয়ার ব্যাংকের প্রতিনিধি দলের মধ্যে টিম লিডার সাইমুন উদ্দিন, সিনিয়র এক্সিকিউটিভ অফিসার জয়নাল আবদীন, রিটেইলস্ বিজনেস এসোসিয়েট চায়ইমং, সেলস্ অফিসার রাজু চৌধুরী সহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মোবাইল কোর্ট অভিযান

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে স্পেশাল ম্যাজিস্ট্রেট (যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে ২৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. মঙ্গলবার চট্টগ্রাম মহানগর এলাকায় মোবাইল কোর্ট পরিচালিত হয়। অভিযানকালে কোতোয়ালী থানাধীন আন্দরকিল্লা রোডের লালদিঘী হতে আন্দরকিল্লা মোড় পর্যন্ত রাস্তার উভয়পাশে ফুটপাথ ও রাস্তার অংশ অবৈধভাবে দখল পূর্বক মালামাল স্তূপ করে ব্যবসা পরিচালনা করার ফলে সর্ব সাধারণের অসুবিধা সৃষ্টি হওয়ার অপরাধে ফলের দোকানের মো. তৈয়বকে ৫ হাজার, মো. হারুনকে ৫ হাজার, জসিম উদ্দিনকে ৫ হাজার, আলাউদ্দিনকে ৫ হাজার, চালের দোকাদারকে ২ হাজার, আবু বক্করকে ২ হাজার, মো. ইদ্রিসকে ২ হাজার ও আবদুল হালিমকে ২ হাজার টাকা সহ মোট ২৮ হাজার টাকা জরিমানা আদায় করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা করেন।

চট্টগ্রাম- ২৭ ফেব্রুয়ারি ২০১৮খ্রি.

সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের মা বেগম ফজিলাতুল্লাহের

মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বাংলাদেশ আওয়ামীলীগের সাধারণ সম্পাদক এবং সড়ক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের এর মাতা বেগম ফজিলাতুল্লাহের মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। তিনি ২৭ ফেব্রুয়ারি

২০১৮ খ্রি. মঙ্গলবার, এক শোক বার্তায় মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং শোক সন্তুষ্ট পরিবার পরিজনের প্রতি সমবেদনা জানান।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন